

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

ওয় করার সঠিক পদ্ধতি

- (১) মুছল্লী প্রথমে মনে মনে ওয় করার নিয়ত বা সংকল্প করবে।[1]
- (২) তারপর 'বিসমিল্লাহ' বলবে।[2] অতঃপর
- (৩) ডান হাতে পানি নিয়ে[3] দুই হাত কজি পর্যন্ত ধৌত করবে।[4] সেই সাথে হাতের আঙ্গুলগুলো খিলাল করবে।[5] আংটি থাকলে পানি পৌঁছানোর চেষ্টা করবে।[6]
- (৪) ডান হাতে পানি নিয়ে একই সঙ্গে মুখে এবং নাকে পানি দিবে ও নাক ঝাড়বে।[7] তারপর
- (৫) কপালের গোড়া থেকে দুই কানের লতীসহ থুৎনীর নীচ পর্যন্ত সম্পূর্ণ মুখমণ্ডল ধৌত করবে।[8] তারপর এক অঞ্জলি পানি নিয়ে থুৎনীর নীচে দিয়ে দাড়ি খিলাল করবে।[9] অতঃপর
- (৬) প্রথমে ডান ও পরে বাম হাত কনুই পর্যন্ত ধৌত করবে।[10] এরপর
- (৭) নতুন পানি নিয়ে[11] দুই হাত দ্বারা মাথার সম্মুখ হতে পিছনে ও পিছন হতে সম্মুখে নিয়ে গিয়ে একবার পুরো মাথা মাসাহ করবে।[12] একই সঙ্গে ভিজা শাহাদাত আংগুল দ্বারা কানের ভিতর অংশে ও বুড়ো আংগুল দ্বারা কানের পিঠ মাসাহ করবে।[13] অতঃপর
- (৮) ডান ও বাম পায়ের টাখনুসহ ভালভাবে ধৌত করবে।[14] এ সময় বাম হাতের কনিষ্ঠা আংগুল দ্বারা পায়ের আংগুল সমূহ খিলাল করবে।[15]
- (৯) ওযূ শেষে বাম হাতে কিছু পানি নিয়ে লজ্জাস্থান বরাবর ছিটিয়ে দিবে।[16] (১০) অতঃপর দু'আ পাঠ করবে। উল্লেখ্য যে, ওযূর অঙ্গুলো এক, দুই ও তিনবার ধোয়া যায়। এর বেশী ধোয়া যাবে না।[17]

ফুটনোট

[1]. ছহীহ বুখারী হা/১; ছহীহ মুসলিম হা/৫০৩৬; মিশকাত হা/১।

- [2]. ছহীহ তিরমিয়ী হা/২৫, ১/১৩ পৃঃ; ছহীহ ইবনু মাজাহ হা/৩৯৭, পৃঃ ৩২; সনদ হাসান, মিশকাত হা/৪০২, পৃঃ ৪৬, 'ওযূর সুন্নাত সমূহ' অনুচ্ছেদ-৪।
- [3]. আবুদাউদ হা/১০৮, ১/১৪ পৃঃ।
- [4]. মুত্তাফারু আলাইহ; বুখারী হা/১৫৯, ১/২৭ পৃঃ, (ইফাবা হা/১৬১, ১/১০৬ পৃঃ); মিশকাত হা/২৮৭, পৃঃ ৩৯; বঙ্গানুবাদ মিশকাত হা/২৬৭, ২/৪০ পৃঃ, 'পবিত্রতা' অধ্যায়।
- [5]. তিরমিয়ী হা/৭৮৮, ১/১৬৩ পৃঃ, 'ছিয়াম' অধ্যায়, অনুচ্ছেদ-৬৯; নাসাঈ হা/১১৪; মিশকাত হা/৪০৫, পৃঃ ৪৬, 'ওযূর সুন্নাত সমূহ' অনুচ্ছেদ-৪।
- [6]. ছহীহ বুখারী, তরজমাতুল বাব 'ওযৃ' অধ্যায়, অনুচ্ছেদ-২৯, হা/১৬৫-এর পূর্বের আলোচনা, ইবনু সীরীন আংটির জায়গা ধৌত করতেন- ১/২৮ পৃঃ।
- [7]. মুত্তাফারু আলাইহ, ছহীহ বুখারী হা/১৯১, ১/৩১ পৃঃ, (ইফাবা হা/১৯০, ১/১২১ পৃঃ), 'ওযৃ' অধ্যায়, 'এক অঞ্জলি পানি দিয়ে মুখ ও নাক পরিষ্কার করা' অনুচ্ছেদ; ছহীহ মুসলিম হা/৫৭৮, ১/১২৩ পৃঃ, (ইফাবা হা/৪৪৬); মিশকাত হা/৩৯৪ ও ৪১২, পৃঃ ৪৫; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৬২, ২য় খন্ড, পৃঃ ৭৭।
- [৪]. মুত্তাফারু আলাইহ; বুখারী হা/১৫৯, ১/২৭ পৃঃ, (ইফাবা হা/১৬১, ১/১০৬ পৃঃ); মিশকাত হা/২৮৭, পৃঃ ৩৯; বঙ্গানুবাদ মিশকাত হা/২৬৭, ২/৪০ পৃঃ, 'পবিত্রতা' অধ্যায়।
- [9]. আবুদাউদ হা/১৪৫, ১/১৯ পৃঃ; তিরমিয়ী হা/৩১, সনদ ছহীহ।
- [10]. বুখারী হা/১৪০, ১/২৬ পৃঃ, (ইফাবা হা/১৪২, ১/৯৮ পৃঃ)।
- [11]. ছহীহ মুসলিম হা/৫৮২, ১/১২৩ পৃঃ, (ইফাবা হা/৪৫০), 'ওযৃ' অধ্যায়, অনুচ্ছেদ; মিশকাত হা/৪১৫।
- [12]. বুখারী হা/১৮৫, ১/৩১ পৃঃ, (ইফাবা হা/১৮৫, ১/১১৮ পৃঃ), 'ওযূ' অধ্যায়, 'পুরো মাথা মাসাহ করা' অনুচ্ছেদ-৩৮; মিশকাত হা/৩৯৪, পৃঃ ৪৫; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৬২, ২/৭৮ পৃঃ।
- [13]. নাসাঈ হা/১০২, ১/১৪ পৃঃ; নায়ল ১/২৪২-৪৩; আবুদাঊদ হা/১৩৭; নাসাঈ, আস-সুনানুল কুবরা হা/১৬১; মিশকাত হা/৪১৩, পৃঃ ৪৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৭৮, ২/৮৪ পৃঃ।
- [14]. বুখারী হা/১৮৫, ১/৩১ পৃঃ, (ইফাবা হা/১৮৫, ১/১১৮ পৃঃ), 'ওযূ' অধ্যায়, 'পুরো মাথা মাসাহ করা' অনুচ্ছেদ-৩৮; মিশকাত হা/৩৯৪, পৃঃ ৪৫; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৬২, ২/৭৮ পৃঃ।



- [15]. আবুদাউদ হা/১৪৮, ১/২০ পৃঃ; তিরমিয়ী হা/৪০; সনদ ছহীহ, মিশকাত হা/৪০৬-০৭, পৃঃ ৪৬; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৭১-৩৭৩, ২/৮২ পৃঃ।
- [16]. আবুদাঊদ হা/১৬৮, ১/২২ পৃঃ এবং হা/৩২-৩৩, ১/৫ পৃঃ; মিশকাত হা/৩৬১, পৃঃ ৪৩; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৩৪, ২/৬৭ পৃঃ।
- [17]. বুখারী হা/১৫৭, ১৫৮, ১৫৯; মিশকাত হা/৩৯৫, ৩৯৬, ৩৯৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1833

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন